



# রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ

আর.ডি.এ ভবন

বনলতা বাণিজ্যিক এলাকা, রাজশাহী।

[www.rda.rajshahidiv.gov.bd](http://www.rda.rajshahidiv.gov.bd)



স্মারক নং- ২৫.৪০.০০০০.০০৬.৪০.০০৩.১৭-

তারিখ: ১১/০৪/২০২২খ্রি:

## “আবাসিক প্লট বরাদ্দের বিজ্ঞপ্তি”

এতদ্বারা আশ্রয়ী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন বনলতা বাণিজ্যিক এলাকা প্রকল্পের উত্তর ও পূর্ব পার্শ্বে এবং রাজশাহী-নওগাঁ রাস্তা সংলগ্ন পূর্ব পার্শ্বে বড়বনগ্রাম ও পবা মৌজায় অবস্থিত “বনলতা বাণিজ্যিক এলাকা সম্প্রসারণ ও আবাসিক এলাকা উন্নয়ন” প্রকল্পের আবাসিক প্লট বরাদ্দের জন্য নির্ধারিত ফরমে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

বনলতা বাণিজ্যিক এলাকা সম্প্রসারণ ও আবাসিক এলাকা উন্নয়ন প্রকল্পটি রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের বনলতা বাণিজ্যিক এলাকা প্রকল্পের উত্তর ও পূর্ব পার্শ্বে এবং রাজশাহী-নওগাঁ রাস্তা সংলগ্ন পূর্ব পার্শ্বে বড়বনগ্রাম ও পবা মৌজায় অবস্থিত। উক্ত প্রকল্পে কমবেশী ১.৭৫কাঠা তিনটি, ৩.৭৫কাঠা একটি, মোট ৪ টি প্লট বরাদ্দ প্রদান করা হবে। ৪(চার)টি প্লটের মধ্যে সরকারি কর্মকর্তা / কর্মচারী (কর্মরত) শ্রেণি/ ক্যাটাগরিতে কমবেশী ১.৭৫কাঠা বিশিষ্ট দুটি প্লট এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারী শ্রেণি/ ক্যাটাগরিতে কমবেশী ৩.৭৫কাঠা বিশিষ্ট একটি প্লট ও ক্ষতিগ্রস্ত শ্রেণি/ ক্যাটাগরিতে কমবেশী ১.৭৫কাঠা বিশিষ্ট একটি প্লট সংশ্লিষ্ট শ্রেণি/ ক্যাটাগরিতে বরাদ্দ গ্রহণে আশ্রয়ী বাংলাদেশী নাগরিকগণের নিকট রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে। সরকারি কর্মকর্তা / কর্মচারী (কর্মরত) শ্রেণি/ক্যাটাগরির ক্ষেত্রে প্রসপেক্টাসের ১নং ক্রমিকের সরকারি কর্মকর্তা/কর্মচারী (কর্মরত) ক্যাটাগরি ব্যতিত আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা / কর্মচারী আবেদন করতে পারবেন না। উক্ত প্রকল্পে প্রতি কাঠা জমির মূল্য =১০,৫৬,০০০/- (দশ লক্ষ ছাপান্ন হাজার) টাকা। আবেদনপত্র ও প্রসপেক্টাস অগ্রণী ব্যাংক লিমিটেড, আরডিএ ভবন শাখা, রাজশাহী হতে নগদ=২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) জমা দিয়ে আগামী ১৭/০৫/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত (ব্যাংক লেনদেন চলাকালীন সময়ে) সংগ্রহ ও ৫ নং ক্রমিকে বর্ণিত স্থলে জমা প্রদান করা যাবে এবং নির্ধারিত সময় ও তারিখের পর কোন আবেদনপত্র জমা প্রদান করা যাবে না। এছাড়াও আবেদনপত্র ও প্রসপেক্টাস রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েব সাইট- [www.rdarajshahidiv.gov.bd](http://www.rdarajshahidiv.gov.bd) থেকে সংগ্রহ করা যাবে। তবে আবেদনপত্রের সাথে আবেদনপত্রের মূল্য বাবদ =২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ হিসাব নং-০২০০০০৫২০৬১৬৬ অগ্রণী ব্যাংক লিমিটেড, আরডিএ ভবন শাখা, রাজশাহী বরাবরে অন-লাইন এ জমা প্রদান করে রশিদের কপি আবেদনপত্র ও প্রসপেক্টাসের সাথে জমা প্রদান করতে হবে। আবাসিক প্লট বরাদ্দ সংক্রান্ত অন্যান্য মৌলিক তথ্যাদি আবেদনপত্র ও প্রসপেক্টাসে উল্লেখ থাকবে।

- কোনো আবেদনকারী তাহার নিজ নামে অথবা তাহার স্ত্রী/স্বামী বা নির্ভরশীল পুত্র বা কন্যা বা পোষ্যের নামে অথবা বেনামে সরকারি বা স্বায়ত্তশাসিত কোনো সংস্থা অথবা কর্তৃপক্ষের কোনো প্রকল্প হইতে রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় কোনো প্লট, অ্যাপার্টমেন্ট বা ফ্ল্যাট বরাদ্দ পাইয়া থাকিলে তিনি প্লট বরাদ্দের জন্য আবেদন করিতে পারিবেন না।
- কোনো আবেদনকারী তাহার নিজ নামে অথবা তাহার স্ত্রী/স্বামী বা নির্ভরশীল পুত্র বা কন্যা বা পোষ্যের নামে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অধিক্ষেত্রের মধ্যে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ বা অন্য কোন সরকারি বা আধাসরকারি প্রতিষ্ঠানের কোন প্লট বা ফ্ল্যাট বা জমি অতীতে উল্লিখিত উপায়ে অর্জন করার পর তা হস্তান্তর করলে তিনি এ প্রকল্পে প্লটের জন্য আবেদন করতে পারবেন না।
- আবেদনকারীর বয়স বিজ্ঞপ্তির তারিখে ন্যূনতম ২৫(পঁচিশ) বৎসর হতে হবে।
- দরখাস্ত জমা দেওয়ার স্থান এবং প্লটের কাঠা প্রতি জামানত নিম্নে উল্লেখ করা হলো :

দরখাস্ত জমা দেওয়ার স্থান	জামানতের পরিমাণ (প্রতি কাঠা)	বরাদ্দ বিষয়
এস্টেট শাখা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, বনলতা বাণিজ্যিক এলাকা, রাজশাহী।	কাঠা প্রতি=১,০০,০০০/- (এক লক্ষ) টাকা।	আবেদনপত্র প্রাপ্তির পর প্রসপেক্টাসে বর্ণিত শ্রেণি/ ক্যাটাগরির বিপরীতে বৈধ আবেদনকারীগণকে নির্ধারিত পদ্ধতিতে প্লট বরাদ্দ প্রদান করা হবে। বরাদ্দ তালিকা প্রকাশের পূর্বে যে কোন আবেদনকারী আবেদন প্রত্যাহারসহ জামানতের অর্থ ফেরত নিতে পারবেন। তবে কোন ক্ষেত্রেই সুদ প্রদান করা হবে না।

অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।

- জামানতের টাকা চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ হিসাব নং-০২০০০০৫২০৬১৬৬ অগ্রণী ব্যাংক লিমিটেড, আরডিএ ভবন শাখা, রাজশাহী এর অনুকূলে যে কোন তফসিলভুক্ত /বাণিজ্যিক ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি(কালেকশন চার্জ ব্যতীত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ডাকযোগে আবেদনপত্র ও প্রসপেক্টাস প্রেরণ করা যাবে এক্ষেত্রে আবেদনপত্র গ্রহণের শেষ তারিখের মধ্যেই এস্টেট শাখা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষে পৌঁছাতে হবে। আবেদনপত্র গ্রহণের নির্ধারিত তারিখের পর আর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- যাচাই-বাছাইকৃত আবেদনকারীগণের মধ্যে বরাদ্দযোগ্য প্লট লটারির মাধ্যমে বরাদ্দ দেওয়া হবে। লটারির তারিখ এবং ফলাফল রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে হতে জানা যাবে।
- রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- অনিবার্য কারণবশতঃ আবেদনপত্র গ্রহণের শেষ দিন কোন সরকারি ছুটি ঘোষিত হলে/ব্যাংক কার্যক্রম বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে আবেদনপত্র গৃহীত হবে তবে আবেদনপত্র গ্রহণের সময় অপরিবর্তীত থাকিবে।

(মোঃ আনওয়ার হোসেন)

চেয়ারম্যান

রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ।